

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২৪২—পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রথম মন্ত্রী, সাবেক সংসদ-সদস্য, খাগড়াছড়ি জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও বর্ষীয়ান রাজনীতিবিদ জনাব কল্পরঞ্জন চাকমা গত ২৫ জুলাই ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৮ বছর।

২। জনাব কল্পরঞ্জন চাকমার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৫ শ্রাবণ ১৪২৫/৩০ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব।

(৯৫০১)

মূল্য : টাকা ৪০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা : $\frac{১৫ \text{ শ্রাবণ } ১৪২৫}{৩০ \text{ জুলাই } ২০১৮}$

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রথম মন্ত্রী, সাবেক সংসদ-সদস্য, খাগড়াছড়ি জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও বর্ষীয়ান রাজনীতিবিদ জনাব কল্পরঞ্জন চাকমা গত ২৫ জুলাই ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৮ বছর।

জনাব কল্পরঞ্জন চাকমা ১৯২০ সালে খাগড়াছড়ি জেলার দীঘিনালায় জন্মগ্রহণ করেন। বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের অধিকারী জনাব কল্পরঞ্জন চাকমা ১৯৯১ ও ১৯৯৬ সালে খাগড়াছড়ি নির্বাচনী আসন থেকে পর পর দুবার বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়নে জাতীয় সংসদ-সদস্য নির্বাচিত হন। এছাড়াও তিনি খাগড়াছড়ি জেলা আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় ১৯৯৭ সালের ০২ ডিসেম্বর তারিখে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সঙ্গে সরকারের যে ঐতিহাসিক শান্তিচুক্তি সম্পাদিত হয়েছিল তা সম্পাদনের ক্ষেত্রে জনাব কল্পরঞ্জন চাকমা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। তিনি জনসংহতি সমিতির সঙ্গে সরকারের শান্তি-সংলাপে উল্লেখযোগ্য অবদান রাখেন। এছাড়া তিনি পার্বত্য চট্টগ্রাম চুক্তি বাস্তবায়ন কমিটির সদস্য ছিলেন। ভারতে উদ্বাস্তু হওয়া পাহাড়ীদের দেশে ফিরিয়ে আনার ক্ষেত্রেও জনাব কল্পরঞ্জন চাকমা মধ্যস্থতাকারী হিসাবে অনন্য ভূমিকা রেখেছেন। জনাব কল্পরঞ্জন চাকমা ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের দপ্তরবিহীন মন্ত্রী নিযুক্ত হন এবং শান্তিচুক্তির পরে ১৯৯৮ সালে গঠিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রথম মন্ত্রী হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন।

ব্যক্তিগতভাবে প্রয়াত কল্পরঞ্জন চাকমা ছিলেন বন্ধুবৎসল, সদালাপী ও অনাড়ম্বর জীবন-যাপনকারী। তিনি বৃহত্তর পার্বত্য চট্টগ্রামের সামগ্রিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করেন।

জনাব কল্পরঞ্জন চাকমার মৃত্যুতে জাতি একজন বর্ষীয়ান রাজনীতিবিদকে হারাল। রাজনৈতিক অঙ্গানে সৃষ্টি হলো এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব কল্পরঞ্জন চাকমার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে। মন্ত্রিসভা তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।